

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১৬৮.২০১৬- ১৪৭২

তারিখ: ১৭ ডিসেম্বর ২০১৭

বিষয় : খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী ২টি ফেরি, ২টি গ্যাংওয়ে ও ২টি পন্টুন হস্তান্তর।
সূত্র-১ : জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা এর স্মারক নং-৪৬.৪০.৪৭০০.০২৪.১৬.০০৬.২০১৫-৫৩৭; তারিখ: ১২ আগস্ট ২০১৫।
সূত্র-২ : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৪৬.০২৬.০০.০০.১৭০.২০১৩-১৬১; তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০১৫।
সূত্র-৩ : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলতলা, খুলনা-এর স্মারক নং-০৫.৪০.৪৭৬৯.০০৫.০৮.১০৪.১৭.৮৮১; তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্র পত্রের মাধ্যমে খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী ২টি ফেরি, ২টি গ্যাংওয়ে ও ২টি পন্টুন ১৯,২২,০২৫.৩৮/- (উনিশ লক্ষ বাইশ হাজার পঁচিশ টাকা আটত্রিশ পঁয়সা) টাকার প্রাক্কলিত মূল্যে নিলামে বিক্রয়ের অনুমতি প্রদানের জন্য জেলা প্রশাসক, খুলনা কর্তৃক অনুরোধ করা হয় (সংলগ্নী-১)। তদপ্রেক্ষিতে ২টি ফেরি, ২টি গ্যাংওয়ে ও ২টি পন্টুন ১৯,২২,০২৫.৩৮/- (উনিশ লক্ষ বাইশ হাজার পঁচিশ টাকা আটত্রিশ পঁয়সা) টাকার প্রাক্কলিত মূল্যে এতদসংক্রান্ত বিধি বিধান/পরিপত্র/সাকুলার যথাযথ অনুসরণ করে নিলামে বিক্রয়ের অনুমতি ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রদান করা হয় (সংলগ্নী-২)। পরবর্তীতে ২টি ফেরি, ২টি গ্যাংওয়ে ও ২টি পন্টুন ১৯,২২,০২৫.৩৮/- (উনিশ লক্ষ বাইশ হাজার পঁচিশ টাকা আটত্রিশ পঁয়সা) টাকার প্রাক্কলিত মূল্যে নিলামে বিক্রয় করা সম্ভব হয়নি। উক্ত ফেরি ও পন্টুনগুলো নৌপথে ডুবন্ত অবস্থায় থাকায় নৌ-যান চলাচল অত্যন্ত ঝুঁকিপূর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে উপপরিচালক (নৌ-সওপ) পশ্চিম ব-দ্বীপ-শাখা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নৌসংরক্ষণ ও পরিচালনা বিভাগ, পশ্চিম ব-দ্বীপ শাখা, খুলনা হতে উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলাকে উক্ত ডুবন্ত ফেরি, পন্টুন ও গ্যাংওয়ে অতি জরুরী ভিত্তিতে “The Removal of Wrecks and Obstruction in Inland Navigable Water Ways Rules, 1973” অনুযায়ী BIWTA কর্তৃক নিলামে বিক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বর্ণিতপ্রেক্ষিতে ভাটপাড়া ফেরীঘাটের পরিত্যক্ত ০২টি ফেরি, ০২টি পন্টুন এবং ০২টি গ্যাংওয়ে প্রাক্কলিত ১৯,২২,০২৫.৩৮ (উনিশ লক্ষ বাইশ হাজার পঁচিশ টাকা আটত্রিশ পঁয়সা) টাকায় নিলামে বিক্রয় করা সম্ভব না হওয়ায় এবং যে কোন মুহূর্তে দূর্ঘটনার আশংকা থাকায় খুলনা-ফুলতলা-নওয়াপাড়া নৌপথকে ঝুঁকিমুক্ত রাখার স্বার্থে উক্ত পরিত্যক্ত ও ডুবন্ত ফেরি, পন্টুন ও গ্যাংওয়ে BIWTA এর নিকট হস্তান্তরের বিষয়ে উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০১৭ মাসের সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বর্ণিত ফেরি, পন্টুন ও গ্যাংওয়ে BIWTA এর নিকট হস্তান্তরের প্রস্তাব প্রেরণ করা হয় (সংলগ্নী-৩)।

২। এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা ও উপপরিচালক (নৌ-সওপ) পশ্চিম ব-দ্বীপ শাখা, বাঅনৌপক, খুলনা এর প্রস্তাব অনুযায়ী খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের মালিকানাধীন ভাটপাড়া ফেরীঘাটের পরিত্যক্ত ২টি ফেরি, ২টি গ্যাংওয়ে ও ২টি পন্টুন “The Removal of Wrecks and Obstruction in Inland Navigable Water Ways Rules, 1973” অনুযায়ী BIWTA এর নিকট হস্তান্তরের বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....।

J.A.
১৭/১২/২০১৭
(ড. জুলিয়া মর্দন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

সচিব

নৌ পরিবহন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।